ভোরের কাগজ

81

তারিখ ..26 JUL 1991 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

(২

### পুনঃভর্তির প্রসঙ্গ ডাকসু নির্বাচনের অন্তরায় নাও হতে পারে

# ছাত্রনেতারা বলছেন পরিবেশ পরিষদের বৈঠক ডাকা জরুরি

**কাগজ প্রতিবেদক :** ডাকসু নির্বাচনকে ঘিরে সৃষ্ট জটিলতা নিরসনে পরিবেশ পরিষদের বৈঠক জরুরি হয়ে পড়েছে। গতকাল বৃহস্পতিবার বিভিন্ন ছাত্র সংগঠনের নেতাদের সঙ্গে আলোচনাকালে তারা একথা জানান। তাদের মতে, বিশ্ববিদ্যালয়ের অনার্স ও মাষ্টার্স ডিগ্রী পরীক্ষা অনুষ্ঠানের ব্যাপারে দ্রুত সিদ্ধান্ত নেয়া এবং পরীক্ষার তারিখ ঘোষণা করা উচিত। বিষয়টি দীর্ঘদিন ধরে ঝুলে আছে। বারবার পরীক্ষার তারিখ ঘোষণা করা হলেও বিভিন্ন কারণে তা অনুষ্ঠিত হতে পারেনি। ক্যাম্পাসে ক্লাসসমূহ চালু রাখার ওপরও তারা গুরুত্ব আরোপ করেছেন।

এদিকে গত ৮ জুন ডাকসু ও হল সংসদের মেয়াদ শেষ হয়ে গেছে। কিন্তু ক্যাম্পাসে সন্ত্রাস, ডাকসু নির্বাচন ইত্যাদি কারণে তৃতীয়বারের মতো ডাকসু নির্বাচন পিছিয়ে দেয়া হয়। গত ২১ জুলাই ৫ আগস্ট ডাকসু নির্বাচনের তারিখ পুনঃনির্ধারণ করা হয়। কিন্তু ২২ জুলাই ভিসি'র অফিস ভাঙচুরের ঘটনায় আবার ডাকসু নির্বাচন স্থগিত ঘোষণা করা হয়। এ প্রসঙ্গে ছাত্রনেতারা বলেছেন, ডাকসু নির্বাচন অনুষ্ঠান করা জরুরি হয়ে পড়েছে। অবিলম্বে পরিবেশ পরিষদের বৈঠক ডেকে এ বিষয়গুলোর সমাধান করা প্রয়োজন।

এদিকে ৯টি ছাত্র সংগঠন ও বাংলাদেশ ছাত্র ইউনিয়ন ক্যাম্পাসে ডাকসু নির্বাচন উপযোগী সুষ্ঠু পরিস্থিতি দাবি করছে। তারা ছাত্রনেতাদের পুনঃভর্তির বিষয়টিকে প্রাধান্য দিচ্ছে না।

জানা গেছে, খুব শিগগিরই বিশ্ববিদ্যালয় পরিবেশ পরিষদের সভা ডেকে কর্তৃপক্ষ জটিলতা নিরসনে উদ্যোগ নেবেন। একটি সূত্র মতে, ছাত্রনেতাদের পুনঃভর্তি না করেও ডাকসু নির্বাচন হতে পারে। এব্যাপারে ছাত্রনেতাদের সঙ্গে আলাপ আলোচনার পর একটি ঐকমত্য হতে পারে বলে জানা গেছে। কারণ ডাকসু নির্বাচনের তারিখ শিগগিরই ঘোষণা করা হোক এ বিষয়ে সব ছাত্র সংগঠনই একমত। সেক্ষেত্রে ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ রক্ষার নিশ্চয়তা পেলে ছাত্রনেতাদের পুনঃভর্তির প্রসঙ্গটি তেমন অন্তরায় হয়ে দাঁড়াবে না বলে অনেকে মনে করছেন। তবে এসব বিষয় নিষ্পত্তির ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকেই প্রথম উদ্যোগ নিতে হবে। পরিবেশ পরিষদের বৈঠকেই এসব বিষয়ে বিস্তারিত আলোচনা হতে পারে।

এদিকে গতকাল বৃহস্পতিবার পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের অনার্স ও মাষ্টার্স ডিগ্রী পরীক্ষার ব্যাপারে নতুন কোনো সিদ্ধান্ত নেয়া হয়নি।